দৈনিক ইত্তেফাক
তারিখ ... 10 DEC 1992
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ১ ...

44

# ১৬টি ছাত্র সংগঠনের শান্তি মিছিল অনুষ্ঠিত

ইত্তেফাক রিপোর্ট ॥ ভারতের বাবরী মসজিদে হামলার প্রতিবাদে এবং দেশে সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রাখার দাবীতে ১৬টি ছাত্র সংগঠন গতকাল (বুধবার) নগরীতে

(২য় পৃ: ৩-এর ক: দ্র:)

## ১৬টি ছাত্র সংগঠনের

(প্রথম পৃ: পর)

শান্তি মিছিল বাহির করে। সকাল ১১টায় অপরাজেয় বাংলার পাদদেশ হইতে এই মিছিল শুরু হইয়া জাতীয় প্রেসক্লাব, শাপলা চত্বর, দিলকুশা, গুলিস্তান, ফুলবাড়িয়া, ঢাকেশ্বরী মন্দির এলাকা প্রদক্ষিণ শেষে কেন্দ্রীয় শহীদ মিনারে শেষ হয়। মিছিলের শুরুতে অপরাজেয় বাংলার পাদদেশে এক সংক্ষিপ্ত সমাবেশে ছাত্রলীগ (ম-ই) নেতা মঈন-উদ্দিন হাসান চৌধুরী মঈন বক্তৃতকালে বলেন, ৪ শত বছরের পুরাতন বাবরী মসজিদে হামলা করিয়া ভারতের উগ্র সাম্প্রদায়িক শক্তি বি,জে,পি ধর্মনিরপেক্ষতার মূলে আঘাত হানিয়াছে। অবিলম্বে এই পবিত্র মসজিদ নির্মাণ করিতে হইবে। সমাবেশে দেশে সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রাখার জন্য সকলকে তৎপর হওয়ার আহ্বান জানান হয়।